আর্থিক লিপি
পোর্ট ব্লেয়ার, বুধবার, ১৩ সেপ্টেম্বর ২০১৭
*Port Blair· Wednesday· September 13, 2017*
*Arthik Lipi, Page 5*

## রেল বার্তা

### চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসে বণিক সম্মেলন

**স্টাফ রিপোর্টার :** চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস সম্প্রতি আয়োজন করেছিল বণিক সম্মেলনের। চিত্তরঞ্জনে লোকোমোটিভ ওয়ার্কসের ক্লাব প্রাঙ্গণে ১১ সেপ্টেম্বর, এই বৈঠকের আয়োজন হয়। রেলে ইলেকট্রিক ইঞ্জিন ও অন্যান্য সামগ্রীর চাহিদা দ্রুতগতিতে বাড়ছে। ব্যবসা-বাণিজ্য এবং ই-প্রকিওরমেন্টের মাধ্যমে কীভাবে এই চাহিদা পূরণ করা যায় সেদিকে লক্ষ্য রাখতেই এই বণিক সম্মেলনের আয়োজন। সারা দেশ থেকে ১৩৪টিরও বেশি শিল্প সংস্থা যোগ দেয় বৈঠকে। এইসব সংস্থার মধ্যে ছিল মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস, ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড, ভেইল, এবিবি, সিজি অ্যান্ড এনবিসি বিশেষ গুরুত্বপূর্ণ। চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসের প্রিন্সিপাল চিফ মেটেরিয়ালস ম্যানেজার শ্রীকান্ত রায়, চিফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার রজনীশ অরোরা, চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার এ কে সিংহল, প্রিন্সিপাল ফিনান্সিয়াল অ্যাডভাইসর রাভিজ শেঠ, প্রিন্সিপাল অ্যাডভাইসর (পি) হৃদয়নারায়ণ, চিফ ভিজিল্যান্ড অফিসার অশোক কুমার সহ সিএলডব্লু'র অন্যান্য বিভাগের প্রিন্সিপাল হেডরা বৈঠকে যোগ দেন। সিএলডব্লু'র চিফ মেটেরিয়াল ম্যানেজার পি এন পান্ডে, শিল্প সংস্থা এবং শিল্পপতিদের কাছ থেকে বিভিন্ন জিনিসপত্র ক্রয় পদ্ধতি এবং ই-প্রকিওরমেন্ট সিস্টেম নিয়ে আলোচনা করে। শিল্পপতি ও ব্যবসায়ীদের বিক্রয় পদ্ধতির উন্নতি নিয়ে আলোচনা করেন সিইই/ডি অ্যান্ড ডি'র এম কে গুপ্তা। একেবারে শেষে ছিল প্রশ্নোত্তর পর্ব। এই প্রশ্নোত্তর পর্বে বিভিন্ন শিল্প সংস্থার প্রতিনিধিদের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া হয়। শিল্প সংস্থার প্রতিনিধিদের আগ্রহ মেটাতে তাঁরা নানাবিধ প্রশ্নও করেন তাদের কাছে। বৈঠকের শেষ লগ্নে প্রিন্সিপাল চিফ মেটেরিয়ালস ম্যানেজার শ্রীকান্ত রায় বৈঠকে বিদায়ী ভাষণ দেন। নতুন নতুন শিল্প ও বিপণন সংস্থাগুলিকে সরকার উৎসাহ দিতে যেসব ব্যবস্থা নিচ্ছে সে সম্পর্কে আলোচনা করেন তিনি। রায় আশাপ্রকাশ করেন, এ ধরনের বৈঠক ভবিষ্যতে শিল্প সংস্থা এবং সিএলডব্লু উভয়পক্ষে লাভজনক হবে। এছাড়া বৈঠকে বহু শিল্প সংস্থা যোগ দেওয়ায় তিনি সন্তোষ প্রকাশ করে বলেন, ভবিষ্যতে সিএলডব্লু'র প্রকিওরমেন্ট প্রসেসে আরও বেশি করে শিল্প সংস্থা যোগ দেবে বলে আশা করছেন তাঁরা।

### পুজোতে পুরী বেড়ানোর আরও পূজা স্পেশাল

**স্টাফ রিপোর্টার :** প্রতি বছরই দুর্গাপুজোর সময় পুরীতে ঘুরতে যান অসংখ্য ভ্রমণপ্রিয় মানুষ। এবারও তাদের কথা ভেবে পূর্ব রেল কর্তৃপক্ষ কলকাতা ও পুরীর মধ্যে আটটি পূজা স্পেশাল ট্রেন চালানোর পরিকল্পনা করেছে। ট্রেনগুলি কলকাতা ও পুরীর মধ্যে চলাচল করবে। এর ফলে ৭৬৮০টি অতিরিক্ত বার্থ পাবেন ভ্রমণপ্রিয় সাধারণ মানুষ।

পূর্ব রেল সূত্রে জানা গেছে, ০৮৪০৮ কলকাতা-পুরী পূজা স্পেশাল কলকাতা স্টেশন ছাড়বে ১৮.৩৫ মিনিটে। ১৪/৯, ২১/৯, ২৮/৯ এবং ৫/১০/২০১৭ তারিখগুলিতে এই স্পেশাল ট্রেনগুলি কলকাতা স্টেশন থেকে পুরীর উদ্দেশে রওনা হবে। অন্যদিকে কলকাতা পূজা স্পেশাল পুরী ছাড়বে ২১.২৫ মিনিটে। ট্রেনগুলি ছাড়বে ১৩/৯, ২০/৯, ২৭/৯ এবং ৪/১০/২০১৭তে। এই পূজা স্পেশাল ট্রেনগুলিতে থাকবে জেনারেল সেকেন্ড ক্লাস, স্লিপার ক্লাস এবং এয়ার কন্ডিশন অ্যাকোমোডেশন।

এছাড়া রেল সূত্রে বলা হয়েছে, চলতি বছরে আরও ১৩০টি পূজা স্পেশাল কলকাতা-শিয়ালদহ-হাওড়া স্টেশন থেকে ছাড়বে। শিয়ালদহ ও আজমেঢ়, শিয়ালদহ ও আনন্দবিহার, হাওড়া ও রক্সৌল, কলকাতা এবং ছাপড়া, আসানসোল এবং পাটনা, মালদা টাউন এবং হরিদ্বার, কলকাতা এবং লখনউ, হাওড়া এবং জম্মু-তাওয়াই, কলকাতা এবং ইন্দোর, কলকাতা এবং হরিদ্বার, শিয়ালদহ এবং পুরীর মধ্যে চলাচল করবে এই ১৩০টি পূজা স্পেশাল। এর ফলে ৯৫২০৮ অতিরিক্ত বার্থ এবং ৪৩২০ অতিরিক্ত আসন পাওয়া যাবে। এর ফলে ভ্রমণপ্রিয় মানুষ উপকৃত হবেন।

### মহিলা সহকর্মীকে যৌন হয়রানির দায়ে গ্রেফতার মেডিক্যাল অফিসার

**নয়াদিল্লি, ১২ সেপ্টেম্বর :** পুলিশ রবিবার বাবু জগজীবন রাম মেমোরিয়াল হাসপাতালের মহিলা চিফ মেডিক্যাল অফিসারকে (সিএমও) যৌন হয়রানির দায়ে মেডিক্যাল সুপারকে গ্রেফতার করেছে। মেডিক্যাল সুপার সুরিন্দর পলের বিরুদ্ধে পুলিশের অভিযোগ, সহকর্মী মহিলা চিকিৎসককে যৌন হয়রানির জেরে গ্রেফতার করা হয়েছে তাকে। ঘটনাটি শুক্রবারই জানাজানি হয়। কারণ ওই দিনই থানায় গিয়ে মহিলা অভিযোগ দায়ের করেন পলের বিরুদ্ধে। মুখ্য মেডিক্যাল অফিসার অভিযোগ দায়ের করে বলেছেন, পল কাজের অছিলায় নিজের ঘরে ডেকে নিয়ে যান তাঁকে। এরপর নানারকম অশ্লীল কথাবার্তা বলতে শুরু করেন। এছাড়া তিনি তাঁর শরীরের গোপন জায়গাগুলিতে হাত দেওয়ারও চেষ্টা করেন। এই ঘটনার পরই তিনি ঘর ছেড়ে বেরিয়ে আসেন। সরকারি অফিসে কাজের ভান করে ডেকে নিয়ে গিয়ে যেভাবে তাঁকে যৌন হয়রানি করা হয়, তাতে উদ্বিগ্ন ওই হাসপাতালের অন্যান্য মহিলা কর্মীরাও।

## রাহুল ব্যর্থ রাজপুত্র : স্মৃতি ইরানি

**নয়াদিল্লি, ১২ সেপ্টেম্বর :** রাহুল গান্ধি মুখ খুললেই তাঁকে আক্রমণ করতে মুখিয়ে থাকেন স্মৃতি ইরানি। রাহুলের নির্বাচনী কেন্দ্র আমেথিতে প্রার্থীও হয়েছিলেন স্মৃতি। যদিও রাহুলের কাছে পরাস্ত হন তিনি। কিন্তু সেই পরাজয় মনে রাখেননি কেন্দ্রীয় বস্ত্রশিল্প মন্ত্রী। বরং কংগ্রেসের সহ সভাপতিকে সুযোগ পেলেই তিনি তীব্র আক্রমণ করেন অন্য বিজেপি নেতাদের মতোই। সেই ঘটনারই পুনরাবৃত্তি করলেন স্মৃতি।

রাহুল আমেরিকা সফরে গিয়েছেন। তাঁর এই সফর নিয়ে সোমবারই বিজেপির এক মুখপাত্র টিপ্পনী কেটে বলেছেন, কংগ্রেসের সহ সভাপতি আংশিক সময়ের রাজনীতিক। মঙ্গলবার ক্যালিফোর্নিয়া, বার্কলেতে বিশেষ ভাষণ দেন কংগ্রেস সহ সভাপতি। সেখানে তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও বিজেপির বিরুদ্ধে তোপ দেগেছেন। সে খবর দেশে পৌঁছতেই সঙ্গে সঙ্গে প্রতিবাদ করেছেন কেন্দ্রীয় বস্ত্রশিল্প ও তথ্য-সম্প্রচার মন্ত্রী স্মৃতি ইরানি। দিল্লিতে রীতিমতো সাংবাদিক বৈঠক ডেকে স্মৃতি এদিন বলেছেন, দেশের মানুষের কাছে রাহুল গান্ধি পৌঁছতে পারেননি। তাই বিদেশে গিয়ে কান্না জুড়েছেন এই ব্যর্থ রাজপুত্র। নিজের ব্যর্থ রাজনৈতিক জীবনের কাহিনি শুনিয়েছেন।

বিরোধীদের কেচ্ছা করতে আমেরিকায় মর্যাদাপূর্ণ প্রতিষ্ঠানকে বেছে নেওয়ায় প্রবল ক্ষুব্ধ স্মৃতি অভিযোগ করেছেন, ''রাহুল গান্ধির কাছ থেকে এমন ঘটনা অপ্রত্যাশিত নয়। ভারতে বহু যুগ ধরে পরিবারতন্ত্র কায়েম রয়েছে বলেও দাবি করেছেন রাহুল। উনি হয়তো ভুলে গিয়েছেন, ওর চারপাশের কত মানুষ প্রতিদিন লড়াই করে চলেছেন। রাজনীতিতেও বহু মানুষ লড়াই করছেন।'' স্মৃতির আরও দাবি, ''আমাদের প্রধানমন্ত্রী তো অত্যন্ত সাধারণ পরিবার থেকে উঠে এসেছেন। রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতিও তাই। রাহুলের ধ্যানধারণা যে ভারতে খাটে না, গতবারের জাতীয় নির্বাচনই তার সবচেয়ে বড় প্রমাণ। কারণ এর আগে এত বড় বিপর্যয় কখনও ঘটেনি কংগ্রেসের।''

২ সপ্তাহের জন্য আমেরিকা সফরে গিয়েছেন রাহুল গান্ধি। সোমবার সানফ্রান্সিসকো পৌঁছান তিনি। মঙ্গলবার ইউনিভার্সিটি অফ ক্যালিফোর্নিয়া বার্কলেতে ভাষণ দেন। সেখানে পরিবারতন্ত্র নিয়ে প্রশ্ন করা হলে নিজের মতামত স্পষ্টভাষায় জানান তিনি। রাহুল বলেন, 'পৃথিবীর বেশিরভাগ দেশেই এখন পরিবারতন্ত্র চলছে। ভারতেও চলছে। তাহলে শুধু আমাকেই আক্রমণ কেন?' তিনি প্রশ্ন করেন, আমার কি যোগ্যতা নেই, নাকি যথেষ্ট সংবেদনশীল নই। এ বিষয়ে পারিবারিক পেশায় যুক্ত বিখ্যাত ভারতীয়দের নাম তুলে ধরেন তিনি।

সমাজবাদী পার্টির নেতা মুলায়ম সিং যাদবের ছেলে অখিলেশ যাদব, ডিএমকে নেতা করুণানিধির ছেলে এম কে স্ট্যালিন, হিমাচল প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রেমকুমার ধুমলের ছেলে ও বিজেপি সাংসদ অনুরাগ ঠাকুর, এমনকি অভিনেতা অমিতাভ বচ্চনের ছেলে অভিষেক বচ্চন এবং শিল্পপতি ধীরুভাই আম্বানির ছেলে মুকেশ ও অনিল আম্বানির উদাহরণও তুলে ধরেন রাহুল। রাহুল বলেন, পরিবারতন্ত্র সারা পৃথিবীতেই বিদ্যমান। কাজেই গান্ধি পরিবারের সমালোচনা খাটে না।

## গৌরী লঙ্কেশ হত্যা : ন্যায়বিচার চেয়ে মিছিলে শামিল ইয়েচুরি, যোগেন্দ্র যাদব, তিস্তা শীতলাবাদ, মেধা পাটকর

**বেঙ্গালুরু, ১২ সেপ্টেম্বর :** গৌরী লঙ্কেশ হত্যার ন্যায়বিচার চেয়ে এবার পথে নামলেন কয়েকশো সমাজসেবী, সাংবাদিক, গণ সংগঠন এবং বিভিন্ন রাজনৈতিক দলের কর্মীরা। সেইসঙ্গে ছিল অসংখ্য ছাত্রছাত্রী। তারা পায়ে পায়ে এগিয়ে নিয়ে গেলেন মিছিলকে। এই প্রতিবাদ মিছিলে এদিন শামিল হয়েছিলেন সিপিআইএম নেতা ও প্রাক্তন সাংসদ সীতারাম ইয়েচুরি, বিশিষ্ট সমাজসেবী মেধা পাটকার, সাংবাদিক পি সাইনাথ ও সাগরিকা ঘোষ, স্বরাজ ইন্ডিয়ার দুই নেতা প্রশান্ত ভূষণ এবং যোগেন্দ্র যাদব, বিশিষ্ট তথ্যচিত্র নির্মাতা আনন্দ পট্টবর্ধন ও রাকেশ শর্মা, মানবাধিকার কর্মী তিস্তা শীতলাবাদ, কবিতা কৃষ্ণান এবং দিগ্নেশ মেঘানি, ছিলেন চিত্র প্রয়োজক প্রকাশ রায়। প্রগ্রেসিভ ফোরাম, 'গৌরী লঙ্কেশ হত্যার বিরোধী বেদীকে' মিছিলটি পরিচালনা করেন।

মিছিলে শামিল হওয়ার আগে সকলে হাজির হন বেঙ্গালুরু শহরের রেল স্টেশনে। কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া (মার্কসবাদী-লেনিনবাদী), কর্নাটক জনশক্তি, আম আদমি পার্টির প্রতিনিধিরা ছাড়া ছিল একাধিক ছাত্র সংগঠনের প্রতিনিধিরা। মিছিলে শামিল সকলের গলাতেই ছিল প্রতিবাদী গান। তারা স্লোগান দিচ্ছিলেন, 'গৌরী লঙ্কেশ অমর রহে'। লঙ্কেশের হত্যাকারীদের দ্রুত গ্রেফতারের দাবিও করেন তারা। তাদের কপালে ছিল কালো বিরন বাঁধা। সেখানে লেখা 'আমিই গৌরী'। বিক্ষোভকারীরা পায়ে হেঁটে বেঙ্গালুরু রেল স্টেশন থেকে সেন্ট্রাল কলেজ গ্রাউন্ড পর্যন্ত যান। সেখানে পরে বিক্ষোভ সমাবেশ হয়।

প্রগতিশীল বুদ্ধিজীবী, লেখক, শিল্পী, সমাজকর্মী ও বুদ্ধিজীবীদের নিয়ে গত শুক্রবার তৈরি হয়েছে একটি প্রোগ্রেসিভ ফোরাম 'গৌরী লঙ্কেশ হত্যা বিরোধী বেদিকে' এই ফোরামই লঙ্কেশ হত্যার বিরুদ্ধে জাতীয় স্তরের প্রতিবাদ সংগঠিত করার সিদ্ধান্ত নিয়েছে। এজন্য বেঙ্গালুরুতে একটি সম্মেলনের আয়োজন হবে বলে জানিয়েছেন ফোরামের আহ্বায়ক কে লীলা। সেখানে ৫০ হাজার প্রতিবাদী মানুষ হাজির থাকবেন। প্রায় এক সপ্তাহ হয়ে গেল অথচ পুলিশ এখনও ধরতে পারেনি লঙ্কেশ হত্যার অপরাধীদের। দ্রুত অপরাধীকে ধরে ন্যায়বিচারের তাই দাবি করেছেন প্রতিবাদীরা। প্রসঙ্গত, গত ৫ সেপ্টেম্বর বেঙ্গালুরু শহর থেকে কিছুটা দূরে নিজের পত্রিকার কাজ সেরে বাড়িতে ঢোকার মুখে গুলিবিদ্ধ হন প্রবীণ সাংবাদিক ও সমাজকর্মী গৌরী লঙ্কেশ।

### কিডনি পাচার চক্র ধরতে তদন্তের নির্দেশ উত্তরাখণ্ড সরকারের

**দেরাদুন, ১২ সেপ্টেম্বর :** উত্তরাখণ্ডে বড় ধরনের কিডনি পাচার চক্রের খোঁজ পাওয়া গেছে। একটি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের হাসপাতালের তরফেই নাকি চালানো হচ্ছে এই কিডনি পাচার চক্র। উত্তরাখণ্ড সরকার এ নিয়ে তদন্তের নির্দেশ দিয়েছে। সোমবার চক্রের সঙ্গে জড়িত দুই ব্যক্তিকে গ্রেফতার করা হয়। গঙ্গোত্রী চ্যারিটেবল হাসপাতালে কর্মী সহ আরও ১৫ জনের বিরুদ্ধে একটি মামলাও দায়ের করেছে পুলিশ। দেরাদুনে সিনিয়র পুলিশ সুপার নিবেদিতা কুকরেতি দাবি করেছেন, হাসপাতালটি ইতিমধ্যেই সিল করে দিয়েছে পুলিশ। কিডনি পাচারের সঙ্গে জড়িত সন্দেহে চার ওমানি নাগরিককে খুঁজছে পুলিশ। তারা যাতে পালিয়ে যেতে না পারে সেজন্য দেশের সব আন্তর্জাতিক বিমানবন্দরকে সতর্ক করা হয়েছে এই চার ওমানি নাগরিক সম্পর্কে।

প্রসঙ্গত, চার ওমানি নাগরিকই পর্যটক ভিসা নিয়ে ভারতে ঢুকেছে। অন্যদিকে গঙ্গোত্রি চ্যারিটেবল হাসপাতালের বিরুদ্ধে গরিব মানুষকে জোর করে তাদের কিডনি দান করতে বাধ্য করা এবং তারপর কিডনি ট্রান্সপ্লান্টের জন্য তা চড়া দামে বিক্রি করার অভিযোগ আনা হয়েছে।

## পড়ুন আর্থিক লিপি

**জেনিথ এক্সপোর্টস্ লিমিটেড**
রেজিঃ অফিস: ১৯, আর এন মুখার্জি রোড, কলকাতা-৭০০০৭১,
ফোন: ০৩৩-২২৪৮-৭০৭১/৬৯৩৬, ফ্যাক্স: ০৩৩-২২৪৩-৯০০৩
ই-মেল : zenith@gaiscl01.vsnl.net.in
CIN:L24294WB1981PLC033902

**সংশোধনী**

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ৩৫তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে যে বিজ্ঞপ্তি এই পত্রিকায় ১১.০৯.২০১৭ তারিখে প্রকাশিত হয়েছিল।

- পাতা নম্বর ২২ এবং ২৩ অফ বার্ষিক রিপোর্টের (৪ ও ৫) শেয়ার হোল্ডার পাটার্ন টপটেন শেয়ার হোল্ডার। শেয়ার হোল্ডিং বিং ০১.০৪.২০১৫ তারিখে শেয়ার হোল্ডিংয়ের স্থলে ০১.০৪.২০১৬ পড়তে হবে।
- পাতা নম্বর ২২ বার্ষিক প্রতিবেদনের ৪ নম্বর পয়েন্ট অনুসারে টপটেন শেয়ার হোল্ডারের প্যাটার্ন হল: সিরিয়াল নম্বর ৭-এর স্থলে পড়তে হবে:

| ক্রমিক সংখ্যা | প্রত্যেক ১০ শেয়ার হোল্ডার | শেয়ার হোল্ডিংয়ের শুরু বছর (০১-৪-২০১৬) | | কিমিউলিটিভ শেয়ার হোল্ডিং (০১.০৪.২০১৬ থেকে৩১.০৩.২০১৭ | |
|---|---|---|---|---|---|
| | | শেয়ার সংখ্যা | কোম্পানির মোট শেয়ার শতাংশ | শেয়ার সংখ্যা | কোম্পানির মোট শেয়ার শতাংশ |
| ৭ | গুইনেস সিকিউরিটিজ লিমিটেড (আএন৩০২৮৯৮১০০০০১৯৩) | | | | |
| | ক) বছরের শুরুতে | ৩১৭৮ | ০.০৬ | ৩১৭৮ | ০.০৬ |
| | খ) চলতি বছরের পরিবর্তন | | | | |
| | তারিখ কারণ | | | | |
| | ১৩.০১.২০১৭ ক্রয় | ২১৫০০০ | ৫.২৮ | ২৮৮১৭৮ | ৫.৩৪ |
| | ০৩.০৩.২০১৭ বিক্রি | ২১০ | ০.০০ | ২৮৭৯৬৮ | ৫.৩৪ |
| | ১০.০৩.২০১৭ বিক্রি | ১৫০ | ০.০০ | ২৮৭৮১৮ | ৫.৩৩ |
| | ২৪.০৩.২০১৭ ক্রয় | ২১৪০০ | ০.৪০ | ৩০৯২১৮ | ৫.৭৩ |
| | গ) বছরের শেষে | | | ৩০৯২১৮ | ৫.৭৩ |

- পাতার নম্বর ১৪, ১৬ এবং বার্ষিক প্রতিবেদনের তারিখ ২৫ জুন, ২০১৭ পড়ুন তারিখ ২৫ জুলাই, ২০১৭
- পাতা নম্বর ৫১ বার্ষিক প্রতিবেদন কলকাতা ৭০০০১৬-র পরিবর্তে স্থান কলকাতা
- পাত্র নম্বর ৬০ দ্রব্যষ্ট্য ১ আর্থিক বিবরণী ৩১ মার্চ, ২০১৭ পর্যন্ত

| শেয়ার হোল্ডারের নাম | ৩১মার্চ,২০১৭পর্যন্ত | | ৩১মার্চ,২০১৭পর্যন্ত | |
|---|---|---|---|---|
| | হোল্ডিংয়ের শতাংশ | শেয়ারেরসংখ্যা | হোল্ডিংয়ের শতাংশ | শেয়ারেরসংখ্যা |
| আর কে ফিনান্স লিঃ | ৯.৬৩ | ৪৯৮২০৫ | ৯.৬৩ | ৫১৯৪৪৫ |

পড়তেহবে

| শেয়ার হোল্ডারের নাম | ৩১মার্চ,২০১৭পর্যন্ত | | ৩১মার্চ,২০১৭পর্যন্ত | |
|---|---|---|---|---|
| | হোল্ডিংয়ের শতাংশ | শেয়ারেরসংখ্যা | হোল্ডিংয়ের শতাংশ | শেয়ারেরসংখ্যা |
| আর কে ফিনান্স লিঃ | ৯.২৩ | ৪৯৮২০৫ | ৯.৬৩ | ৫১৯৪৪৫ |

সংশোধনী বার্ষিক সাধারণ সভার পূর্বে ১৫.০৯.২০১৭ তারিখের পূর্বে পেশ করা হয়েছে। উক্ত সংশোধনী কোম্পানির ওয়েবসাইট www.zenithexportlimited.com এ পাওয়া যাবে।

বোর্ডের আদেশানুসারে
জেনিথ এক্সপোর্টস্ লিঃ-এর পক্ষে
গোবিন্দ পান্ডে
কোম্পানি সেক্রেটারি
ACS:32804

স্থান: কলকাতা
তারিখ: ১১.০৯.২০১৭

## বিজ্ঞাপন

**KKALPANA PLASTICK LIMITED**
CIN: L25200WB1989PLC047702
(Formerly Kalpena Plastiks Limited)
Regd Office: 2B, Pretoria Street, Kolkata – 700 071
Telephone: 91-033-2282 3744/3745/3699/3671, Fax: 91-033-2282 3739
E-Mail: Kolkata@kkalpanaplastick.co.in Website: www.kkalpanaplastick.com

***EXTRACT OF UN-AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30TH JUNE, 2017.***

*Rs in lakhs*

| Sl No. | PARTICULARS | Standalone | | Standalone |
|---|---|---|---|---|
| | | Quarter ended 30.06.2017 | Quarter ended 30.06.2016 | Year Ended 31.03.2017 |
| | | (Unaudited) | (Unaudited) | Audited |
| 1 | Total Income from Operations | 0 | 0 | 0 |
| 2 | Net Profit/(Loss) for the period (before Tax, Exceptional and /or Extraordinary items) | 1.82 | 5.3 | -23.05 |
| 3 | Net Profit/(Loss) for the period before Tax, (after Exceptional and /or Extraordinary items) | 1.82 | 5.3 | -23.05 |
| 4 | Net Profit/(Loss) for the period after Tax, (after Exceptional and /or Extraordinary items) | 1.82 | 5.17 | -23.17 |
| 5 | Total comprehensive income for the period (Comprising profit/(loss) for the period (after tax) and other comprehensive income (after tax)) | 1.82 | 5.17 | -23.17 |
| 6 | Equity Share Capital | 552.85 | 552.85 | 552.85 |
| 7 | Reserves (excluding Revaluation Reserve) as shown in Audited Balance Sheet of the previous year | | | 48.2 |
| 8 | Earnings per share (of Rs. 10/- each) (for continuing and discontinuing operations) | | | |
| | Basic: | 0.03 | 0.09 | -0.42 |
| | Diluted: | 0.03 | 0.09 | -0.42 |

**Notes:**

1) The above is an extract of detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligation and Disclosure Requirements) Regulation, 2015. The full format of the Quarterly Financials are available on the website of the Stock Exchanges and the Company (www. kkalpanaplastick.com).
2) The unaudited financial results for the quarter ended on 30th June, 2017 have been reviewed by the audit committee and have also been approved by the Board of Directors at their respective meetings held on 12th September , 2017.
3) The company has adopted Indian Accounting Standard(Ind-As)from April1, 2017, with a transition date from April 1, 2016 and accordingly the financial results have been prepared in accordance with the recognition and measurement principles laid down in the Ind-AS 34- Interim Financial reporting prescribed under section 133 of the companies act 2013 read with the relevant rules there under and other accounting principle generally accepted in India.
4) Reconciliation of Net Profit as previously reported on account of transition from previous Indian GAAP to Ind AS for the quarter ended 30.06.2017

| PARTICULARS | Quarter ended 30.06.2017 unaudited |
|---|---|
| Net Profit for the quarter ended under Previous GAAP | 1.82 |
| Less:Adjustment due to implementation of Ind AS | |
| Net Profit for the quarter ended under Ind-AS | 1.82 |
| Other Comprehensive Income/ (Expenses) (net of tax) | |
| Total Comprehensive income for the Quarter | 1.82 |

5) The format for unaudited quaterly results as prescribed in SEBI Circular CRI/CFD/CMD/15/2015 dated 30,2015 has been modified to comply with the requirements of SEBI circular CIR/CFD/FAC/62/2016 dated July 5, 2016 Ind AS and Schedule III(Divison II)to the Companies Act, 2013 which are applicable to companies that are required to comply with Ind-AS.
6) The Statement does not include Ind AS compliant result for the preceeding quarter and previous year ended 31st March 2017 as the same are not mandatory as per above SEBI circular dated July 5, 2016.
7) The company is engaged primarily in the business of plastic modules which constitute a single reporting segment Accordingly, the company is a single segment company in accordance with Indian Accounting Standard 108 " Operating Segment".
8) Figures have been re-grouped / re- arranged wherever considered necessary.
9) The results would be uploaded and available for viewing in the Company's website at www.kkalpanaplastick.com and on the website of Bombay Stock Exchange Limited, Calcutta Stock Exchange Limited and Delhi Stock Exchange Limited.

For Kkalpana Plastick Limited
D.K.Kalwani
Whole-Time Director
(DIN: 03363450)

Place : Kolkata
Date: 12th September, 2017

## রাম রহিমের ডেরায় তল্লাশিতে পাওয়া গেল বেআইনি গর্ভপাত ক্লিনিক, প্লাস্টিক সার্জারি সেন্টার

**সিরসা, ১২ সেপ্টেম্বর :** ব্যাপক তল্লাশি অভিযান চালিয়ে সিরসায় ডেরা সচা সওদার সদর দফতর থেকে এর আগে একাধিক কঙ্কাল মিলেছে, মিলেছে আরও নানা ধরনের বেআইনি জিনিস। এমনকি প্যারিসের আইফেল টাওয়ার বা আগ্রার তাজমহলকে নকল করেও তৈরি হয়েছিল সৌধ। এবার ডেরার ৭০০ একর জমিতে মিলল গর্ভপাতের বেআইনি ক্লিনিক ও প্লাস্টিক সার্জারি সেন্টার। পুলিশ তল্লাশি চালাতে গিয়ে কম্পাউন্ডের মধ্যেই এই বেআইনি গর্ভপাত ক্লিনিকের খোঁজ পায়। এছাড়া মিলেছে একটি প্লাস্টিক সার্জারি সেন্টারও।

পুলিশ ও গোয়েন্দাদের ধারণা, হরিয়ানার সিরসায় নিজের সদর দফতরে বিশাল বিলাসবহুল জীবনের আয়োজন করেছিল গুরমিত সিং। সুলতানের মতো জীবন কাটাত সে। এদিকে বিচারকের সামনে গুরমিত নিজেই জানিয়েছে, সে নাকি ইমপোর্টেন্ট। তার মুখে একথা শুনে পুলিশ অফিসাররা বিস্মিত।

কারণ গত সপ্তাহে জেলের চিকিৎসকদের একটি দল রাম রহিমকে পরীক্ষা করে দাবি করেছেন, সিং আসলে 'সেক্স অ্যাডিক্ট'। এরপর তিনি যেসব দাবি করছেন, তা শুনে মুখে আঙুল চাপা দেওয়া ছাড়া উপায় নেই আমজনতার।

তল্লাশি অভিযানে জানা গেছে, এই স্বঘোষিত ধর্মগুরুর বিলাসবহুল সব গাড়ি ছিল। এমনকি গুরমিত রাম রহিমের প্লাস্টিকের টাকা-পয়সাও ছিল। সেগুলি গুরমিতের ডেরাতে চলত। তার ডেরায় যেসব বিপণী ছিল, সেখানে এইসব প্লাস্টিকের টাকাপয়সা দিব্যি চলত। তল্লাশি অভিযানে গিয়ে পুলিশ অফিসাররা বিস্মিত হয়েছেন একটি গোপন সুড়ঙ্গপথ দেখে। এই সুড়ঙ্গটি সিংয়ের গুফার সঙ্গে সাধ্বীদের হস্টেলের মধ্যে সংযোগ সাধন করত। সম্ভবত এই চোরা পথেই হস্টেল থেকে বেছে বেছে মেয়েদের নিয়ে আসা হত সিংয়ের কাছে। পুলিশ তার গুফায় হানা দিয়ে আগেই দু'টি নাবালিকাকে উদ্ধার করেছে। সিংকে গ্রেফতারের পর ডেরা সচার সদর দফতর থেকে এরকম প্রচুর নাবালিকাকে ছেড়ে দেওয়া হয়।

সম্প্রতি সাধুদের আখড়া থেকে ১৪ জন ভুয়ো সাধুর নাম জানানো হয়েছে। এই ভুয়ো সাধুদের মধ্যে অন্যতম গুরমিত রাম রহিম সিং। আখড়ার ঘোষণার পর রাম রহিমের ভক্তরা অবশ্য তাদের গুরুজি যে ভুয়ো সেকথা মানতে নারাজ। তারা এর বিরুদ্ধে প্রতিবাদ জানানোর সিদ্ধান্ত নিয়েছেন। গর্ভপাতের যে ক্লিনিকটির সন্ধান পাওয়া গেছে, সেটি কেন তৈরি হয়েছিল তা বোঝা গেলেও প্লাস্টিক সার্জারি সেন্টার নিয়ে কিছুটা ধন্দে পুলিশ।

বিভিন্ন ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করে এখনও পর্যন্ত পুলিশ যা জানতে পেরেছে, তা হল প্লাস্টিক সার্জারি সেন্টারেও বিভিন্ন অনৈতিক কাজকর্ম হত। ডেরা সচার সদর দফতরে আরও তল্লাশি চালাচ্ছে পুলিশ। মিলছে নিত্যনতুন তথ্য।

### মোদীর ছবি আঁকায় নিগৃহীত মুসলিম মহিলা

**লখনউ, ১২ সেপ্টেম্বর :** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের ছবি আঁকায় এক মহিলাকে কার্যত মারতে মারতে বাড়ির বাইরে বের করে দেওয়া হয়। উত্তরপ্রদেশের বালিয়ায় ঘটনাটি ঘটেছে। এই ঘটনার সঙ্গে যুক্ত সন্দেহে পুলিশ ৬ জনকে গ্রেফতার করেছে বলে দাবি করেছেন বালিয়ার পুলিশ সুপার অনিল কুমার। তাঁর আরও দাবি, তদন্ত এগোচ্ছে। ঘটনাটি পুরোপুরি প্রমাণিত হলে আরও কঠোর ব্যবস্থা নেওয়া হবে। প্রসঙ্গত, নাগমা পরভিন নামে এই মহিলার সঙ্গে গত বছরই বিয়ে হয় পারভেজের।

### মেডিক্যাল কলেজগুলিতে তৃতীয় লিঙ্গের জন্য ক্লিনিক খুলছে কেরল সরকার

**তিরুবনন্তপুরম, ১২ সেপ্টেম্বর :** হাজার হাজার তৃতীয় লিঙ্গের মানুষকে স্বস্তি দিতে কেরল সরকার রাজ্যের মেডিক্যাল কলেজগুলিতে ক্লিনিক খুলছে। কোথাও কোথাও ইতিমধ্যে ক্লিনিক তৈরিও হয়ে গেছে। মেডিক্যাল কলেজগুলি এইসব ক্লিনিকে যাতে সেক্স চেঞ্জ সার্জারি হতে পারে, সেই ব্যবস্থাও করা হচ্ছে। তৃতীয় লিঙ্গের মানুষকে সমাজের একেবারে সামনের সারিতে নিয়ে আসার জন্য রাজ্য সরকার একাধিক উদ্যোগ নিয়েছে।

**OFFICE OF THE PRADHAN**
**GRAM PANCHAYAT RANGAT, M / A (O) & (FAX NO) 03192-274056**
**SHRI. SATISH KUMAR SINGH MOBILE-9434261535**
4-1/GP-RGT/MA/2017-18/305 DATED: 06/09/17

**RE-TENDER-NOTICE**

on behalf of the Gram Panchayat, I the Pradhan invite sealed tender from a Bonafide workshop engaged in industrial or mechanical works for attending repairs & maintenance works on tipper truck TATA make registration no-AN01D 8424 as per the specification given in tender document.

1. Last date for sale of tender documents till 26-09-17 till 09:30 AM.
2. Last date for receipt of tender documents 04-10-17 till 09:30 AM.
3. Tender opening date and time 04-10-17 by 09:45 AM.
4. Tender documents charges Rs.100/-will be issued from O/o the undersigned.

**Pradhan**
**Gram Panchayat Rangat (MA)**
**Rangat, M. Andaman**

**R.No.IP/1165/17**